দৈনিক ইত্তেফাক

59

তারিখ 26 JUN 1987
পৃষ্ঠা 1 কলাম 4

১১ ই আষাঢ় ১৩৯৪ বং

# সাড়ে ৭ হাজার শিক্ষকের পদ শূন্য

(ইত্তেফাক রিপোর্ট)

সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে প্রায় সাড়ে ৭ হাজার শিক্ষকের পদশূন্য রহিয়াছে। তন্মধ্যে প্রাথমিক বিদ্যালয়ে ৬,৬৩৭টি শিক্ষকের পদ খালি আছে। গতকাল জাতীয় সংসদে প্রশ্নোত্তরকালে শেখ ফজলুল করিম সেলিমের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান এ তথ্য জানান।

## ১১২ জন শিক্ষক বিদেশে

অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই বর্তমানে বিশ্ববিদ্যালয়সমূহ এবং প্রকৌশল কলেজগুলির ১১২ জন শিক্ষক বিদেশে অবস্থান করিতেছেন।